

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা - ১২১২।

স্মারক নং-স্বাঃঅধিঃ/হাসঃ/কোভিড-১৯/মোটিভেশন/ ৫৭৬

তারিখঃ ০৩-০৫-২০২০খ্রি.

বিষয়ঃ কোভিড-১৯ ডেডিকেটেড হাসপাতালগুলোতে সেবাদানরত চিকিৎসক, নার্স ও অন্যান্য স্বাস্থ্যকর্মীদের কাউন্সেলিং ও মোটিভেশন এর জন্য সহায়তা প্রদান প্রসঙ্গে।

কোভিড-১৯ ডেডিকেটেড হাসপাতালসমূহে চিকিৎসক, নার্স ও অন্যান্য স্বাস্থ্যকর্মীগণ নিরলসভাবে কোভিড-১৯ আক্রান্ত রোগীদের চিকিৎসা সেবা প্রদান করে আসছেন। এই দুর্যোগপূর্ণ সময়ে প্রচণ্ড স্বাস্থ্যগত ঝুঁকির মধ্যে কাজ করার কারণে উল্লেখিত হাসপাতালসমূহে কর্মরত স্বাস্থ্যকর্মীদের মানসিক স্বাস্থ্য সুরক্ষা এবং উদ্দীপনা দেওয়ার জন্য স্বাস্থ্য অধিদপ্তর কাজ করে যাচ্ছে। এ লক্ষ্যে উপরোক্ত স্বাস্থ্যকর্মীদের ক্লিনিক্যাল সাইকোলজিস্ট এবং সাইকিয়াট্রিস্টদের সমন্বয়ে মানসিক স্বাস্থ্য সেবা ও কাউন্সেলিং এর জন্য একটি অনলাইন/টেলিফোনভিত্তিক সেবা প্ল্যাটফর্ম চালু করার উদ্যোগ নেওয়া হয়েছে। উক্ত কার্যক্রমে আইসিডিডিআর'বির সমন্বয়ে জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট এবং ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় স্বাস্থ্য অধিদপ্তরকে সহায়ত প্রদান করবে।

এতএব, উপরোক্ত উদ্যোগে প্রয়োজনীয় ক্ষেত্রে আইসিডিডিআর'বি কে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হল।

কার্যার্থেঃ

পরিচালক/ তত্ত্বাবধায়ক

কোভিড ডেডিকেটেড হাসপাতাল (সকল)


(ডাঃ মোঃ আমিনুল হাসান)

পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক সমূহ)

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

বিতরণ (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য) :

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃঃ আঃ সহকারী পরিচালক সমন্বয়)
২. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৪. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা
৫. পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬. চেয়ারম্যান, ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়
৭. পরিচালক, জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।
৮. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১০. Senior Director, MCH Division, icddr'b, Dhaka.
১১. অফিস নথি